

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩১৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তির জন্য বৈধ রয়েছে দুনিয়াবী কোন জিনিসের কারণে এমন জায়গায় যাত্রা বিরতি করা জায়েয, যেখানে পানির ব্যবস্থা নেই

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُسَافِرِ أَنْ يَنْزِلَ فِي مَنْزِلٍ بِسَبَبٍ مِنْ أَسْبَابِ هَذِهِ الدُّنْيَا وَهُوَ غَيْرُ واجد الماء

আরবী

1314 \_ أَخْبُرَنَا عُمَرُ بُنُ سَعِيدِ بْنِ سِنَانِ الطَّائِيُّ بِمَنْبِجَ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكُ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّهَا قَالَتْ: (خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْبَيْدَاءِ أَوْ بِذَاتِ الْجَيْشِ الْقَطَعَ عِقْدٌ لِي فَأَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْبِينَدَاءِ أَوْ بِذَاتِ الْجَيْشِ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَجَاء ناس إِلَى أَبِي بَكْرٍ الصِدِّيقِ فَقَالُوا: أَلَا تَرَى مَا صَنَعَتْ عَائِشَةُ أَقَامَتْ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِالنَّاسِ مَعَهُ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسُ مَعَهُمُ مُاءٌ فَجَاءَ أَبُو بَكْرٍ وَرَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَبِالنَّاسِ مَعَهُ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسُ مَعَهُمْ مُاءٌ فَجَاءَ أَبُو بَكْرٍ وَرَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَالضَعِ رَأْسَهُ عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَجَاءَ أَبُو بَكْرٍ وَرَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَالنَّاسُ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَعَاتَبَنِي أَبُو بَكْرٍ وَقَالَ: مَا شَاءَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَالنَّاسُ وَلَيْسُوا عَلَى مَاءٍ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَعَاتَبَنِي أَبُو بَكْرٍ وَقَالَ: مَا شَاءَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ وَالنَّاسُ وَلَيْسُوا عَلَى مَاءً وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَعَاتَبَنِي أَبُو بَكْرٍ وَقَالَ: مَا شَاءَ اللَّهُ أَنْ يُقُولَ وَجَعَلَ يَطُعُنُ بِيدِهِ وَسَلَّمَ مَاءً وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَقَالَ عَبْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاءً وَلَيْسَ مَعَهُمْ مَاءً وَلَالِي مَنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَصِدُ لَولَا اللَّهُ آيَةَ التَيْمُ فَقَالَ مَا اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ مَلَى اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ مَلَا اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ عَلَيْهِ وَسُلَمَ عَلَيْهِ وَسُلَمَ مَلَا اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ عَلَيْهِ وَسُلَمَ عَلَى اللَّهُ مَاءً وَلَا اللَّهُ مَعَلَى اللَّهُ عَلَيْهِ وَسُلُمَ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ اللَّهُ اللَ

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1314 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা



১৩১৪. আয়িশা রাদ্বিয়াল্লাছ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম এর সাথে কোন এক সফরে বের হলাম, অতঃপর যখন আমরা বাইদা অথবা যাতুল জাইশ নামক জায়গায় পৌঁছলাম, আমার একটি হার ছিড়ে পড়ে যায়, ফলে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম তা খোঁজার জন্য সেখানে অবস্থান করেন, তাঁর সাথে লোকজনও অবস্থান করেন। সেখানে তাঁরা পানির জায়গায় ছিলেন না আর তাঁদের কাছেও কোন পানি ছিল না। ফলে লোকজন আবূ বকর রাদ্বিয়াল্লাছ আনহুর কাছে এসে বলেন, "আপনি কি দেখছেন না আয়িশা রাদ্বিয়াল্লাছ আনহা কী কাজ করেছেন? তিনি রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে আটকে দিয়েছেন এবং তাঁর সাথে লোকদেরকেও আটকে দিয়েছেন অথচ এই জায়গায় পানি নেই আর তাঁদের কাছেও কোন পানি নেই। ফলে আবূ বকর রাদ্বিয়াল্লাছ আনহু আমাকে তিরস্কার করতে থাকেন এবং মাশাআল্লাহ যা বলার তিনি বলেন, আর তিনি কোমরে তাঁর হাত দিয়ে আঘাত করতে থাকেন। তবুও আমি কোন নড়াচড়া করিনি শুধুমাত্র আমার কাছে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের অবস্থানের কারণে। তারপর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম ঘুম থেকে উঠেন এবং পানিবিহীন অবস্থায় সকাল করেন। অতঃপর আল্লাহ তায়াম্মুমের আয়াত নাযিল করেন। ফলে লোকজন তায়াম্মুম করেন।"

উসাইদ বিন হুযাইর রাদ্বিয়াল্লাহু আনহু, যিনি একজন নক্বীব ছিলেন, তিনি বলেন, "হে আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর পরিবার, এটাই আপনাদের প্রথম বরকত নয়।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "অতঃপর আমি যে উটের উপর ছিলাম, যখন আমরা সেই উট উঠিয়ে দেই, হারটি আমরা তার নিচেই পেয়ে যাই।"[1]

## ফুটনোট

[1] আবূ আওয়ানা: ১/৩০২; মুয়ান্তা ইমাম মালিক: ৬৮ পৃষ্ঠা; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৪৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮৮০; সহীহ আল বুখারী: ৩৩৪; সহীহ মুসলিম: ৩৬৭; নাসাঈ: ১/১৬৩-১৬৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৬২; সুনান বাইহাকী: ১/২২৩/২২৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩০৭; তাবারানী: ৯৬৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সহীহ আবূ দাউদ: ৩৩৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন